২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২০.২৩. ১৭১ তারিখ- ২৫/০৮/২০২৬ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু, মোছাঃ আমেনা খাতুন, পিতা- মোঃ আব্দুল বারী মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা-এর বিরুদ্ধে গর্ভবতী মা স্বর্ণা, বয়স- ১৮ বছর, পিতা- মোঃ সুজন খান-কে ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধায় ভর্তি না করে অথবা কোনো রেজিস্টারে নাম অন্তর্ভুক্ত না করেই শারীরিক পরীক্ষা করা, হাসপাতালে ভর্তি হওয়ার পরামর্শ না দিয়ে নিজ বাসায় প্রসব করানো, প্রসবের পূর্বে গর্ভস্থ শিশুর জীবিত/মৃত অবস্থা নির্ণয়ের জন্য শিশুর হৃদস্পন্দন পরীক্ষা না করে শুধু Vaginal Examination-এর মাধ্যমে স্বাভাবিক প্রসবের সিদ্ধান্ত গ্রহণ, পরবর্তীতে মৃত শিশুর জন্ম এবং প্রসবের পর রোগীর অতিরিক্ত রক্তক্ষরণ হয়নি মর্মে অসত্য তথ্য প্রদানের অভিযোগ উত্থাপিত হয়;

২। যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে সিভিল সার্জনের কার্যালয়, গাইবান্ধা হতে স্থানীয়ভাবে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণ করা হয় এবং তদন্ত প্রতিবেদনে আমেনা খাতুনের বাসায় গর্ভবতী মায়ের প্রসব করানোর ঘটনায় মা ও শিশুর মৃত্যুর বিষয়টি উল্লেখ করা হয়;

৩। যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৬/০৭/২০২৩ খ্রি. তারিখের ১৬২ নং স্মারকে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় ও তিনি ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখে কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় এ অধিদপ্তরের ২১/০৩/২০২৪ খ্রি. তারিখের ১১১ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে ০০৮/২০২৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

৪। যেহেতু, তিনি ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন ও তার আবেদনের প্রেক্ষিতে ০৫/০২/২০২৫ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানির সিদ্ধান্তের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ১০/০৪/২০২৫ খ্রি. তারিখের ১৪১ নং স্মারকে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা ১৭/০৫/২০২৫ খ্রি. তারিখে এ অধিদপ্তর বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করেন ও তদন্ত প্রতিবেদনের মতামত অংশে সাক্ষীগণের লিখিত বিবৃতি, বিভিন্ন নথিপত্র, মৃত্যুর প্রমাণপত্র ও চিকিৎসা সংক্রান্ত প্রমাণপত্র পর্যালোচনায় আনীত অভিযোগসমূহ সত্য ও প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয় এবং অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়;

৬। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, সিনিয়র স্টাফ নার্স হিসেবে সরকারি দায়িত্বে নিয়োজিত থাকা সত্ত্বেও মোছাঃ আমেনা খাতুন গর্ভবতী মা স্বর্ণাকে হাসপাতালে ভর্তি না করে নিজ বাসায় প্রসব করান এবং সরকারি হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত নার্স হিসেবে রোগীকে হাসপাতালে এনে প্রাতিষ্ঠানিক ও নিরাপদ প্রসবের ব্যবস্থা করার পরিবর্তে নিজ বাসায় প্রসব করানোর মাধ্যমে তিনি তার সরকারি দায়িত্ব ও পেশাগত কর্তব্যের সীমারেখা লঙ্ঘন করেছেন;

৭। যেহেতু, একজন সরকারি কর্মচারী এবং বিশেষ করে সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত একজন সিনিয়র স্টাফ নার্স হিসেবে তার দায়িত্ব ছিল রোগীকে যথাযথ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে প্রেরণ, প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা নিশ্চিত করা এবং প্রচলিত পেশাগত প্রটোকল অনুসরণ করা। কিন্তু তিনি উক্ত দায়িত্ব পালন না করে নিজ বাসায় গর্ভবতী মায়ের প্রসব করান। সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে কিংবা সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত কার্যক্রমের আওতায় নিজ বাসায় এ ধরনের প্রসব করানোর কোনো বৈধ এখতিয়ার তার ছিল না মর্মে নথিপত্র ও তদন্তের ফলাফলে প্রতীয়মান হয়;

৮। যেহেতু, প্রসবের পূর্বে গর্ভস্থ শিশুর জীবিত বা মৃত অবস্থা নির্ণয়ের জন্য প্রয়োজনীয়ভাবে শিশুর হৃদস্পন্দন পরীক্ষা না করে শুধু Vaginal Examination-এর ভিত্তিতে স্বাভাবিক প্রসবের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং পরবর্তীতে মৃত শিশুর জন্ম হয়। এছাড়া, প্রসবের পর রোগীর রক্তক্ষরণ সংক্রান্ত বিষয়ে অসত্য তথ্য প্রদান করার অভিযোগও তদন্তে প্রমাণিত হয়েছে। এরূপ কার্যক্রম দায়িত্বে অবহেলা, পেশাগত অসতর্কতা এবং কর্তব্য পালনে গুরুতর গাফিলতির সামিল;

৯। যেহেতু, সরকারি চাকরিতে নিয়োজিত থেকে নিজ দায়িত্বের পরিধি ও অনুমোদিত কর্মস্থলের বাইরে রোগীকে নিজ বাসায় এনে/নিজ বাসায় প্রসব করানোর মতো কার্যক্রম গ্রহণ করা এবং এর মাধ্যমে সরকারি স্বাস্থ্যসেবা ব্যবস্থার বাইরে ব্যক্তিগতভাবে সেবা প্রদান করা তার সরকারি দায়িত্বের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। উপরন্তু, এ ধরনের কার্যক্রমের মাধ্যমে ব্যক্তিগত আর্থিক সুবিধা অর্জনের

সম্ভাবনা সৃষ্টি হয় এবং পরিস্থিতির পারিপার্শ্বিকতা বিবেচনায় ব্যক্তিগত আর্থিক স্বার্থে এ ধরনের কার্যক্রমে সম্পৃক্ত হওয়ার অভিপ্রায় ছিল বলে প্রতীয়মান হয়, যা একজন সরকারি কর্মচারীর জন্য অত্যন্ত গুরুতর অনৈতিক ও পেশাগতভাবে অসঙ্গত আচরণ;

১০। যেহেতু, নথিপত্র, সাক্ষীগণের বক্তব্য, স্থানীয় তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং এ অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত তদন্ত কর্মকর্তার ১৭/০৫/২০২৫ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য প্রমাণিত হয়েছে। তার কার্যক্রম দায়িত্বে অবহেলা, পেশাগত অসতর্কতা, সরকারি দায়িত্বের সীমালঙ্ঘন এবং অসত্য তথ্য প্রদানের সামিল, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর আওতাভুক্ত;

১১। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর দায়ে তিনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হয়েছে;

১২। সেহেতু, মোছাঃ আমেনা খাতুন, পিতা- মোঃ আব্দুল বারী মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা-এর বিরুদ্ধে রুজুকৃত ০০৮/২০২৪ নং বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(১)(ক) ও ৪(২)(খ) অনুযায়ী ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৩ (তিন) বছরের জন্য স্থগিত রাখা নামীয় লঘুদণ্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে তিনি স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

২২/৮/২৫

দিল আফরোজা
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২০.২৩. ১৭৭/১-(৯) তারিখ-২৫/০৮/২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, গাইবান্ধা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশবাড়ী, গাইবান্ধা।
৫। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
৬। সহকারী পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৯। মোছাঃ আমেনা খাতুন, পিতা- মোঃ আব্দুল বারী মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা (স্থায়ী ঠিকানা- মোছাঃ আমেনা খাতুন, পিতা- মোঃ আব্দুল বারী মন্ডল, গ্রামঃ ডাকের পাড়া, পোঃ ঢোলভাঙ্গা, থানাঃ পলাশবাড়ী, জেলাঃ গাইবান্ধা)।
১০। মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

25.08.26
মোছাঃ ফরিদা ইয়াসমীন
সহকারী পরিচালক (শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৬১৩.২৬. ৯৭২ তারিখঃ ২৫/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা নং ০৭৯/২০২৬ নং এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি মোছাঃ হাসি আক্তার, পিতা- মোঃ আব্দুল হাকিম, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি নং- ২০২০০৫১৯৩১, সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে এ অধিদপ্তরের গত ১২/০৩/২০২৬ খ্রি. তারিখের ৩৯ নং স্মারকে ০৭৯/২০২৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগনামার জবাব গত ৩১/০৩/২০২৬ খ্রি. তারিখে এ অধিদপ্তর বরাবর দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন।

২। বর্ণিতাবস্থায়, আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানি আগামী ০২/০৯/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা কর্তৃক শুনানি গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

25.08.26
মোছাঃ ফরিদা ইয়াসমীন
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

মোছাঃ হাসি আক্তার
পিতা- মোঃ আব্দুল হাকিম
সিনিয়র স্টাফ নার্স
ইউনিক আইডি নং- ২০২০০৫১৯৩১
সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল,
সিলেট।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.৬১৩.২৬. ৯৭২/১(৫) তারিখঃ ২৫/০৮/২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে
১। পরিচালক, সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সেবা তত্ত্বাবধায়ক, সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

25.08.26
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর